



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি সমুদ্র পরিবহন অফিস
সরকারি কার্য ভবন-০১, আগ্রাবাদ, চট্টগ্রাম
ফোন নং-+৮৮০-২৩৩৩৩২৩৭৫৪
gso@gso.gov.bd



নম্বর: ১৮.১৭.১৫০০.৩০৪.১৮.১৩১.১৯.৪৪

২৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: সরকারি সমুদ্র পরিবহন অফিসের ওয়েবসাইটে নতুন ফিচার সংযোজনের মাধ্যমে সেবার মান বৃদ্ধি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি সমুদ্র পরিবহন অফিস (gso) এর অফিসিয়াল ওয়েবসাইটে (www.gso.gov.bd) একটি নতুন ফিচার সংযোজন করা হয়েছে যা আমাদের সেবার মান উন্নয়ন, দ্রুততা, স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করতে সহায়তা করবে।

ওয়েবসাইটের অভ্যন্তরীণ ই-সেবাসমূহ অংশে “অফিসের সেবা সম্পর্কিত মতামত দিন” ফিচার সংযোজন করা হয়েছে, যার মাধ্যমে স্টেকহোল্ডারগণ সরকারি সমুদ্র পরিবহন অফিস (gso) এর সেবাসমূহের উপর মতামত প্রদান করতে পারবেন। প্রদত্ত মতামত শুধুমাত্র মহাপরিচালক দেখবেন এবং মতামত প্রদানকারীর পরিচয় গোপন রাখা হবে। এর মাধ্যমে স্টেকহোল্ডারদের গঠনমূলক মতামত প্রদানে উৎসাহিত করা হল, যা আমাদের সম্ভাব্য সমস্যাগুলি শনাক্ত পূর্বক সেবার মান উন্নয়নে ভূমিকা রাখবে। ফিডব্যাক সেবাটি অত্র অফিসের ওয়েবসাইট (অভ্যন্তরীণ ই-সেবাসমূহ>অফিসের সেবা সম্পর্কিত মতামত দিন) থেকে অথবা নিম্নলিখিত লিংকে প্রবেশ করে প্রদান করা যাবে : (<https://feedback.dos.gov.bd/>)।

০৮-০৯-২০২৪

মীর আফতাবুল কাউসার
শিপিং মাস্টার (অতিরিক্ত দায়িত্ব)
gso@gso.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, নৌপরিবহন অধিদপ্তর (সদয় জ্ঞাতার্থে) এবং
- ২। ওয়েব সাইট ও নোটিশ বোর্ড, সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম।

